**বাংলাদেশ ব্লেড ফ্যাক্টরী লিমিটেড**
(বাংলাদেশ ইস্পাত ও প্রকৌশল করপোরেশন এর অধীন একটি প্রতিষ্ঠান, টংগী, গাজীপুর)
www.bbfl.gov.bd

স্মারক নং-বিবিএফএল/প্রশাসন/০৬/২০২৪

তারিখঃ ১৫-১০-২০২৪ খ্রিঃ

# নিয়োগ বিজ্ঞপ্তি

বাংলাদেশ ব্লেড ফ্যাক্টরী লিমিটেড (বাংলাদেশ ইস্পাত ও প্রকৌশল করপোরেশন এর অধীন একটি প্রতিষ্ঠান), টঙ্গী, গাজীপুর- এর নিয়োক্ত শূন্য পদসমূহ পূরণের নিমিত্ত সরাসরি নিয়োগের জন্য বাংলাদেশের স্থায়ী নাগরিকদের নিকট থেকে নিম্নলিখিত শর্তে (http://bbfl.teletalk.com.bd) ওয়েবসাইটে অনলাইনে (Online) দরখাস্ত আহ্বান করা যাচ্ছে। অনলাইন (Online) ব্যতীত কোন আবেদন গ্রহণ করা হবে না।

| ক্রঃ নং | পদের নাম | পদ সংখ্যা | জাতীয় মজুরি স্কেল ২০১৫ অনুযায়ী মজুরি স্কেল | শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা |
|---|---|---|---|---|
| ১। | আধা-দক্ষ শ্রমিক (শিক্ষানবিশ) গ্রেড-৪ | ০৯ (নয়) টি | ৯০০০-২০৯৬০ ও অন্যান্য ভাতাদি | ক) অষ্টম শ্রেণী পাস।<br>খ)পাঞ্চিং/গ্রাইন্ডিং এন্ড স্ট্রপিং/ইনজেকশন মোল্ডিং মেশিন/ রেজর এসেম্বলিং মেশিন/পাউচ প্যাকিং মেশিন/ ব্লিস্টার প্যাকিং মেশিন/ লেদ মেশিন/ সারফেস গ্রাইন্ডিং মেশিন পরিচালনার কাজে অভিজ্ঞতা সম্পন্ন।<br>গ)কারিগরি বা ট্রেড কোর্স (মেকানিক্যাল বা ইলেকট্রিক্যাল) অভিজ্ঞতা অথবা রেজর ব্লেড ম্যানুফ্যাকচারিং ফ্যাক্টরীতে নূন্যতম ০২ বছরের কাজের অভিজ্ঞতা সম্পন্ন। |
| ২। | দক্ষ শ্রমিক (শিক্ষানবিশ) গ্রেড-৭ | ১৩ (তের) টি | ১০০৫০-২৩১৯০ ও অন্যান্য ভাতাদি | ক)ডিপ্লোমা ইন ইঞ্জিনিয়ারিং (মেকানিক্যাল/ইলেকট্রিক্যাল/ইলেকট্রনিক্স)<br>খ)পাঞ্চিং/গ্রাইন্ডিংএন্ড স্ট্রপিং/ ইনজেকশন মোল্ডিং মেশিন/ রেজর এসেম্বলিং মেশিন/পাউচ প্যাকিং মেশিন/ ব্লিস্টার প্যাকিং মেশিন/ লেদ মেশিন/ সারফেস গ্রাইন্ডিং মেশিন পরিচালনার কাজে ০১ বছরের অভিজ্ঞতা সম্পন্ন।<br>গ) রেজর ব্লেড ম্যানুফ্যাকচারিং ফ্যাক্টরীতে নূন্যতম ০৪ বছরের কর্ম অভিজ্ঞতা সম্পন্ন। |

**২. অনলাইনে আরেবদনপত্র পূরণ সংক্রান্ত নিয়মাবলী ও শর্তাবলী:**

১। প্রার্থীর বয়স ২১-১০-২০২৪ তারিখে নূন্যতম ১৮ হতে সর্বোচ্চ ৪০ (চল্লিশ) বৎসর। বয়স সংক্রান্ত কোন এফিডেভিট গ্রহণযোগ্য হবে না।

২। সরকারি, আধা-সরকারি ও স্বায়ত্ত্বশাসিত প্রতিষ্ঠানে কর্মরত প্রার্থীকে অব্যশই যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে অনুমতিক্রমে আবেদন করতে হবে। এক্ষেত্রে মৌখিক পরীক্ষার সময় উক্ত অনুমতিপত্র দাখিল করতে হবে।

৩। প্রাথমিকভাবে বাছাইকৃত প্রার্থীদের পরীক্ষায় আমন্ত্রণ জানানো হবে। যে কোন প্রকার তদবির প্রার্থীর অযোগ্যতা বলে বিবেচিত হবে।

৪। আবেদনকারীকে মৌখিক পরীক্ষায় অংশগ্রহনের সময় শিক্ষাগত যোগ্যতার সনদের ফটোকপি, অভিজ্ঞতা সনদের ফটোকপি, উপজেলা/ ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান/পৌরসভা/সিটি করপোরেশনের মেয়র বা ওয়ার্ড কাউন্সিলর কর্তৃক প্রার্থীর প্রদত্ত নাগরিকত্ব সনদের ফটোকপি, জাতীয় পরিচয়পত্র বা জন্ম নিবন্ধন সনদের ফটোকপি এবং সদ্য তোলা ০৪(চার) কপি পাসপোর্ট সাইজের রঙ্গিন ছবি প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত করে ০১ (এক) সেট অনুলিপি জমা প্রদান করতে হবে।

৫।মুক্তিযোদ্ধা কোটায় আবেদনকারী, এতিম ও শারীরিক প্রতিবন্ধী, ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর উপযুক্ত প্রার্থীদের ক্ষেত্রে সরকারের সর্বশেষ নীতিমালা অনুযায়ী কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদপত্র দাখিল করতে হবে।

৬। Online-এ আবেদন ও নিয়োগ পরীক্ষা সংক্রান্ত যে কোন শর্ত সংযোজন, সংশোধন, পরিবর্তন, পদের সংখ্যা হ্রাস/বৃদ্ধি এবং নিয়োগ প্রক্রিয়া যে কোন পর্যায়ে স্থগিত/বাতিল করার যে কোন বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

৭। লিখিত, মৌখিক ও ব্যবহারিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

৮। বিবিএফএল কর্তৃপক্ষ পরীক্ষা সংক্রান্ত খরচ বহন করবে বিধায় আবেদন পত্রের সাথে আবেদন ফি জমা দিতে হবেনা। তবে অনলাইনে আবেদনের সকল অংশ পুরন করে submit করা হলেও পরপর ২টি এসএমএস এর মাধ্যমে রেজিস্ট্রেশন সম্পন্ন না করা পর্যন্ত আবেদন কোন অবস্থাতেই গৃহীত হবেনা।

**৩. অনলাইনে আবেদনপত্র পূরণ সংক্রান্ত নিয়মাবলী ও করণীয়:**

(ক) পরীক্ষায় অংশগ্রহণে আগ্রহী প্রার্থীগণ http://bbfl.teletalk.com.bd এই ওয়েবসাইটে আবেদনপত্র পূরণ করবেন।

(খ) i) Online-এ আবেদনপত্র পূরণ ও SMS এ রেজিস্ট্রেশন শুরুর তারিখ ও সময় ২১-১০-২০২৪ খ্রিষ্টাব্দ সকাল-১০:০০ ঘটিকা।

ii) Online-এ আবেদনপত্র জমাদানের শেষ তারিখ ও সময়: ৩১.১০.২০২৪ তারিখ, বিকাল-০৫:০০ ঘটিকা। অনলাইনে আবেদনের সকল অংশ পূরণ করে submit করা হলেও পরপর ২টি এসএমএস এর মাধ্যমে রেজিস্ট্রেশন সম্পন্ন না করা পর্যন্ত আবেদন কোন অবস্থাতেই গৃহীত হবেনা। উক্ত সময়সীমার মধ্যে বর্ণিত ওয়েবসাইটে User ID প্রাপ্ত প্রার্থীগণকে অনলাইনে আবেদনপত্র submit এর সময় থেকে পরবর্তী ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে শুধুমাত্র টেলিটক প্রি-পেইড মোবাইল ফোন থেকে SMS এ রেজিস্ট্রেশন সম্পন্ন করতে হবে। SMS এর নিয়মাবলী:

প্রথম SMS : BBFL<space>User ID লিখে Send করতে হবে 16222 নম্বরে।
Example: BBFL ABCDEF & send to 16222
Reply: Your PIN is 12345678 To confirm registration Type BBFL <Space >Yes<space>PIN and send to 16222.

দ্বিতীয় SMS: BBFL <space>Yes<space> PIN লিখে Send করতে হবে 16222 নম্বরে।
Example: BBFL Yes 12345678 & send to 16222
Reply: Congratulations! Applicant's Name, registration successfully for BBFL

Application for (post name) User ID is (ABCDEF) and password (xxxxxxxx).

- দ্বিতীয় SMS টি পাঠানোর পর ফিরতি SMS-এ password পাবেন। SMS এর মাধ্যমে প্রাপ্ত User ID এবং password টি ভবিষ্যৎ প্রয়োজনের নিমিত্ত সংরক্ষণ করতে হবে।
- SMS এর প্রাপ্ত User ID এবং password ব্যবহার করে পরবর্তীতে রোল নম্বর, পদের নাম, ছবি, পরীক্ষার তারিখ, সময়/কেন্দ্রের নাম ইত্যাদি তথ্য সম্বলিত প্রবেশপত্র প্রার্থী Download পূর্বক রঙ্গিন প্রিন্ট করে নিবেন। প্রার্থী প্রবেশপত্রটি পরবর্তীতে পরীক্ষার সময় অবশ্যই প্রদর্শন করবেন।

(গ) Online আবেদনপত্রে প্রার্থী তাঁর সদ্য তোলা রঙ্গিন ছবি (দৈর্ঘ্য ৩০০×প্রস্থ ৩০০ pixel) ও স্বাক্ষর (দৈর্ঘ্য ৩০০×প্রস্থ ৮০ pixel) স্ক্যান করে নির্ধারিত স্থানে Upload করবেন। ছবির সাইজ, সর্বোচ্চ 100 KB ও স্বাক্ষরের সাইজ সর্বোচ্চ 60 KB হতে হবে।

(ঘ) Online আবেদনপত্রে পুরণকৃত তথ্যই যেহেতু পরবর্তী সকল কার্যক্রমে ব্যবহৃত হবে, সেহেতু Online-এ আবেদনপত্র Submit করার পূর্বেই পুরণকৃত সকল তথ্যের সঠিকতা সম্পর্কে প্রার্থী নিজে শতভাগ নিশ্চিত হবেন।

(ঙ) প্রার্থী Online- এ পুরণকৃত আবেদনপত্রের একটি প্রিন্ট কপি পরীক্ষা সংক্রান্ত যে কোন প্রয়োজনে সহায়ক হিসেবে সংরক্ষণ করবেন এবং মৌখিক পরীক্ষার সময় এক কপি জমা দিবেন।

(চ) Online-এ আবেদনপত্র (Application Form) যথাযথভাবে পূরণ করে নির্দেশনা মতে ছবি এবং স্বাক্ষর upload করে আবেদনপত্র Submit করা সম্পন্ন হলে কম্পিউটারে ছবিসহ Application Preview দেখা যাবে। নির্ভুলভাবে আবেদনপত্র Submit সম্পন্ন করা প্রার্থী User ID ছবি এবং স্বাক্ষরযুক্ত একটি Applicant's Copy পাবেন এবং পরবর্তী ৭২ ঘন্টার মধ্যে (খ) নং অনুচ্ছেদে বর্ণিত পদ্ধতিতে শুধুমাত্র টেলিটক প্রি-পেইড মোবাইল ফোন থেকে SMS প্রদানপূর্বক রেজিস্ট্রেশন সম্পন্ন করবেন। যদি Applicant's Copy তে কোন তথ্য ভুল থাকে বা অস্পষ্ট ছবি (সম্পূর্ণ কালো/সম্পূর্ণ সাদা/ঘোলা) বা ছবি/স্বাক্ষর সঠিক না থাকে তাহলে পুনরায় আবেদন করতে পারবেন। তবে SMSএর মাধ্যমে রেজিস্ট্রেশন সম্পন্নের পর আর কোন পরিবর্তন/পরিমার্জন/পরিবর্ধন গ্রহনযোগ্য নয় বিধায় রেজিস্ট্রেশন সম্পন্নের পূর্বে প্রার্থী অবশ্যই উক্ত Applicant's Copy-তে তার সাম্প্রতিক তোলা রঙ্গিন ছবি, নির্ভুল তথ্য ও স্বাক্ষরযুক্ত PDF কপি ডাউনলোডপূর্বক নিশ্চিত করে রঙ্গিন প্রিন্ট করে সংরক্ষণ করবেন।

(ছ) Online-এ আবেদনপত্র সফলভাবে Submit করার পর User ID এবং password ভবিষ্যতের জন্য সংরক্ষণ করবেন।

(জ) প্রাপ্ত User ID এবং Password ব্যবহার করে পরবর্তীতে রোল নম্বর, পদের নাম, ছবি, পরীক্ষার তারিখ, সময় ও স্থানের/কেন্দ্রের নাম ইত্যাদি তথ্য সম্বলিত প্রবেশপত্র প্রার্থী Download পূর্বক রঙিন Print করে নিবেন। প্রার্থী এই প্রবেশপত্রটি পরীক্ষায় অংশ গ্রহণের সময়ে অবশ্যই প্রদর্শন করবেন।

(ঝ) শুধুমাত্র টেলিটক প্রি-পেইড মোবাইল ফোন থেকে প্রার্থীগণ নিম্নবর্ণিত SMS পদ্ধতি অনুসরণ করে নিজ নিজ User ID এবং Password পুনরুদ্ধার করতে পারবেন (প্রযোজ্য ক্ষেত্রে)।

(i) User ID জানা থাকলে BBFL <space>Help<space>User<space>User ID & Send to 16222. Example: BBFL Help User ABCDEF & Send to 16222.

(ii) PIN Number জানা থাকলে BBFL <space>Help<space>PIN<space>PIN Number & Send to 16222. Example: BBFL Help PIN 12345678 & Send to 16222.

(ঞ) বিজ্ঞপ্তিটি পত্রিকা ছাড়াও BBFL এর ওয়েবসাইট www.bbfl.gov.bd এ বিজ্ঞপ্তিসহ এতদ্‌সংক্রান্ত সকল তথ্য দেখা যাবে। অথবা QR Code স্ক্যান এর মাধ্যমে টেলিটকের জবপোর্টাল https://alljobs.teletalk.com.bd এর ওয়েবসাইটে সরাসরি প্রবেশ করেও বিজ্ঞপ্তিটি পাওয়া যাবে। নিয়োগ পরীক্ষার তারিখ, সময় ও অন্যান্য তথ্য BBFL ওয়েবসাইট www.bbfl.gov.bd ও BSECএর ওয়েবসাইট www.bsec.gov.bd হতে জানা যাবে।

(ট)অনলাইনে আবেদন করতে কোন সমস্যা হলে টেলিটক নম্বর থেকে ১২১ অথবা alljobs.query@teletalk.com.bd ই-মেইল যোগাযোগ করা যাবে। এছাড়া টেলিটকের জবপোর্টাল এর ফেসবুক পেজ https://www.facebook. com/ alljobs bdteletalk এ মেসেজ এর মাধ্যমে যোগাযোগ করা যাবে। (Mail/মেসেজ এর Subject-এ Organization Name: BBFL, Post Name: • • •, Applicant's User ID ও Contact Number অবশ্যই উল্লেখ করতে হবে)।

(ঠ) ডিক্লারেশন: প্রার্থীকে অনলাইন আবেদনপত্রের ডিক্লারেশন অংশে এই মর্মে ঘোষণা দিতে হবে যে, প্রার্থী কর্তৃক আবেদনপত্রের প্রদত্ত সকল তথ্য সঠিক এবং সত্য। প্রদত্ত তথ্য অসত্য বা মিথ্যা প্রমানিত হলে অথবা কোন অযোগ্যতা ধরা পড়লে বা কোনো প্রতারণা বা দুর্নীতির আশ্রয় গ্রহণ করলে কিংবা পরীক্ষায় নকল বা অসদুপায় অবলম্বন করলে,পরীক্ষার পূর্বে বা পরে অথবা নিয়োগের পরে যে কোনো পর্যায়ে প্রার্থিতা বাতিল করা হবে এবং সংশ্লিষ্ট প্রার্থীর বিরুদ্ধে আইনগত ব্যবস্থা গ্রহণ করা যাবে।

স্বাক্ষরিত

(প্রশাসন বিভাগীয় প্রধান)